

স্মারক নম্বর: ৪৬.৪২.৯৪০০০.০০০.১৪.০৭০.১৫(অংশ-১).১৯২৩

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৮

১১ সেপ্টেম্বর ২০২১

বিষয়: ২০২০-২১ অর্থবছরে ঠাকুরগাঁও জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় স্কিম অনুমোদন।

সূত্র: জেলা পরিষদ, ঠাকুরগাঁও এর স্মারক ৪৬.৫৫.৯৪০০.০০০.০৯.০১৪.২০১৯-২২৭, তারিখ: ০১ জুন ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে ২০২০-২১ অর্থবছরে ঠাকুরগাঁও জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ৫৫.৭০ (পঞ্চাশ লক্ষ সত্তর হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৪৭টি স্কিম অনুমোদনের জন্য অনুরোধ জানানো হয়েছে। স্কিম তালিকার ক্রমিক নং- ৮ ও ২০ এ বর্ণিত ৩.০০ (তিন) লক্ষ টাকার নিম্নবর্ণিত ২টি স্কিমের প্রস্তাব বিবেচনার সুবিধার্থে যুব সংগঠন ও প্রশিক্ষণ কেন্দ্রের রেজিস্ট্রেশনের স্বপক্ষে দালিলিক তথ্য প্রয়োজন:

| ক্রমিক | প্রস্তাবিত স্কিমের নাম | প্রাক্কলিত ব্যয় | মন্তব্য |
|--------|---|------------------|--|
| ৮. | ঠাকুরগাঁও রোড যুব সংসদ উন্নয়ন | ১.০০ লক্ষ টাকা | রেজিস্ট্রেশন রয়েছে কিনা, তা যাচাই করা প্রয়োজন। |
| ২০. | জামালপুর ইসলামী প্রশিক্ষণ কেন্দ্র উন্নয়ন | ২.০০ লক্ষ টাকা | |
| | মোট= | ৩.০০ লক্ষ টাকা | |

২। এমতাবস্থায়, উক্ত ২টি স্কিম ব্যতীত অবশিষ্ট ৫২.৭০ লক্ষ (বায়ান্ন লক্ষ সত্তর হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৪৫টি স্কিম এ বিভাগের ১২ এপ্রিল ২০১৮ তারিখের ৫৫৫নং স্মারকের নির্দেশনা, পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং এতদসংক্রান্ত বিধি-বিধান অনুসরণপূর্বক বাস্তবায়নের অনুমোদন জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮, স্থানীয় সরকার বিভাগের ১২ এপ্রিল ২০১৮ তারিখের ৪৬.০০.৫১০০.০৪২.১৪.০৮৫.১৭.৫৫৫ নং পরিপত্রের নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালন করতে হবে।

৩। এছাড়া, উল্লিখিত দু'টি স্কিমে বর্ণিত যুব সংগঠন ও প্রশিক্ষণ কেন্দ্রের রেজিস্ট্রেশনের স্বপক্ষে দালিলিক তথ্য প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২-৯-২০২১

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮

ইমেইল: lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঠাকুরগাঁও

স্মারক নম্বর: ৪৬.৪২.৯৪০০০.০০০.১৪.০৭০.১৫(অংশ-১).১৯২৩/১(৫)

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৮

১১ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ২) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৫) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ [স্থানীয় সরকার বিভাগের অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো]



১২-৯-২০২১

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী

উপসচিব